দৈনিক বাংলা

তারিখ ... 07 FEB 1990
পৃষ্ঠা ... 2 ... কলাম ... ৭ ...

# গাজীপুরে ভার্সিটি কলেজ ও সর্বাধুনিক হাসপাতাল স্থাপনের নির্দেশ অভিনন্দিত

।। স্টাফ রিপোর্টার ।।

টঙ্গীস্থ ইসলামী বিশ্ববিদ্যালয়কে ২০০ শয্যা বিশিষ্ট হাসপাতালে রূপান্তর এবং ভাওয়াল বদরে আলম মহা-বিদ্যালয়কে বিশ্ববিদ্যালয় কলেজে উন্নীতকরার নির্দেশের জন্যে জয়দেবপুর ও টঙ্গী অঞ্চলের বিশিষ্ট শিক্ষাবিদ, রাজনীতিবিদ, শ্রমিক নেতৃবৃন্দসহ সর্বস্তরের জনসাধারণ প্রেসিডেন্ট এর-শাদকে অভিনন্দন জানিয়েছেন। প্রেসি-ডেন্টের এই ঘোষণার প্রেক্ষিতে মঙ্গ-লবার বিকেলে টঙ্গী শিল্প এলাকায় একটি আনন্দ মিছিল বের হয়।

উল্লেখ্য, প্রেসিডেন্ট এরশাদের নি-র্দেশে সোমবার জাতীয় সংসদের সান্ধ্য অধিবেশনে সংসদ নেতা ও প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ উক্ত ঘোষণা প্রদানকরেন।

পৃথক বিবৃতিতে নেতৃবৃন্দ বলেন ঃ প্রেসিডেন্ট এরশাদের এই নির্দেশ বাস্তবায়নের পর গাজীপুরের ২৩ লক্ষ মানুষ আধুনিক চিকিৎসার সুযোগ পাবে। উক্ত শিক্ষার সুযোগ পাবে এই অঞ্চলের ছাত্র-ছাত্রীরা। প্রেসিডেন্ট এরশাদের উক্ত ঘোষণার ফলে এই

(শেষ পৃঃ ২-এর কঃ দঃ)

## গাজীপুরে ভার্সিটি কলেজ

(প্রথম পৃঃ পর)

অঞ্চলের ২৩ লক্ষ মানুষের দীর্ঘদিনের আশা-আকাঙ্খা পুরণ হলো।

প্রেসিডেন্ট এরশাদকে অভিনন্দন জানিয়ে যাঁরা বিবৃতি দেন, তাঁদের মধ্যে রয়েছেনঃ ভাওয়াল মির্জাপুর মহা-বিদ্যালয়ের অধ্যক্ষ অমর জ্যোতি সাহা, জাসদের (শাজাহান সিরাজ) গাজীপুর জেলা শাখার সভাপতি মোশাররফ হোসেন দুলাল, জাতীয় পার্টির মির্জাপুর ইউনিয়ন শাখার সভাপতি শাহাদত আলম, জাতীয় পার্টির পূবাইল ইউ-নিয়ন শাখার সভাপতি নাজিম উদ্দিন ও সাধারণ সম্পাদক আজিজুর রহমান, জাতীয় শ্রমিক পার্টির টঙ্গী আঞ্চলিক শাখার সভাপতি কছিম উদ্দিন ও সাধারণ সম্পাদক আলী আকবর, টঙ্গী বাজার দোকানদার সমিতির সভাপতি মেহেরউদ্দিন ও সাধারণ সম্পাদক বাসেত প্রমুখ।

গাজীপুর ভাওয়াল বন্দরে আলম ডিগ্রী কলেজকে বিশ্ববিদ্যালয় কলেজে উন্নীত করার এবং গাজীপুর ইসলামী বিশ্ববিদ্যালয় ভবনে একটি আধুনিক হাসপাতাল স্থাপনের সিদ্ধানের জন্য সংসদ সদস্য ও গাজীপুর জেলা পরিষদ চেয়ারম্যান হাসানউদ্দিন সরকার গাজীপুর জেলার জনসাধারণের পক্ষ থেকে প্রেসিডেন্ট এরশাদের প্রতি গভীর কৃতজ্ঞতা জ্ঞাপন করেছেন।

মঙ্গলবার জাতীয় সংসদে তিনি এ ঘোষণার জন্য প্রধানমন্ত্রী ও সংসদ নেতা কাজী জাফর আহমদ ও শিক্ষা-মন্ত্রী শেখ শহীদুল ইসলামকেও গাজীপুর জেলার জনগণের পক্ষ থেকে অভিনন্দিত করেন। জনাব হাসানউদ্দিন সরকার বলেন, এ ঘোষণায় গাজী-পুরবাসী আনন্দিত এবং আশ্বস্ত হয়েছেন।

জাতীয় যুব কল্যাণ কেন্দ্রের সাধারণ সম্পাদক ও জাতীয় তরুণ আইনজীবী ফোরামের আহবায়ক এড-ভোকেট ওয়াহিদুর রহমানসহ ১১ জন তরুণ আইনজীবী এক বিবৃতিতে বলেন, প্রেসিডেন্ট এরশাদের এ নির্দেশ সরকারের গণমুখী শিক্ষা ব্যবস্থা ও গণমুখী

জাতীয় যুব কল্যাণ কেন্দ্রের চেয়া-রম্যান কাজী মোজাম্মেল হক বলেন, প্রেসিডেন্টের এই ঘোষণা গাজীপুরের ছাত্রসমাজ তথা সর্বস্তরের জনমনে ব্যাপক আশার সঞ্চার করেছে। এই সিদ্ধান্ত ঘোষণার মধ্য দিয়ে দীর্ঘদিনের দাবী পূরণ হলো।

ভাওয়াল বদরে আলম কলেজকে বিশ্ববিদ্যালয় কলেজে এবং গাজীপুরে ইসলামী বিশ্ববিদ্যালয় ভবনকে দু'শ শয্যাবিশিষ্ট একটি আধুনিক হাস-পাতালে রূপান্তরিত করার জন্য প্রেসি-ডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদের নির্দেশকে খাদ্য প্রতিমন্ত্রী মোঃ কোর-বানী আলী অভিনন্দন জানিয়েছেন।

প্রেসিডেন্টের এ দু'টি সিদ্ধান্তকে যুগোপযোগী আখ্যায়িত করে খাদ্য প্রতিমন্ত্রী বলেন, এর ফলে গাজীপুর বাসীদের বহুদিনের আশা আকাঙ্খা পূরণ হবে এবং গাজীপুর এলাকার ছাত্র-ছাত্রীরা নিজ জেলা থেকে অনার্স ও মাষ্টারস পর্যায়ে পর্যন্ত উচ্চ শিক্ষা লাভ করতে সক্ষম হবেন।